# Times Today BD

সিনিয়র রিপোর্টার | খেলা | 10 April, 2025

আগে থেকেই ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) বাউন্ডারি সংখ্যায় সবার ওপরে ছিলেন বিরাট কোহলি।বৃহস্পতিবার ব্যাট করতে নেমে আইপিএলের ইতিহাসে প্রথম ব্যাটসম্যান হিসেবে এক হাজার বাউন্ডারির রেকর্ড গড়েন কোহলি।এখন পর্যন্ত আইপিএলের ১৮ সংস্করণেই খেলা এই তারকা ২৫৭ ম্যাচে মেরেছেন ৭২১ চার ও ২৭৯টি ছক্কা।

চলতি আইপিএলে নিজেদের পঞ্চম ম্যাচে আজ ঘরের মাঠে দিল্লি ক্যাপিটালসের মুখোমুখি হয় কোহলিদের রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।আগে ব্যাট করতে নেমে ১৪ বলে ২ ছক্কা ও ১ চারে তিনি ২২ রান করে আইপিএলে ১০০০ বাউন্ডারি পূর্ণ করেন কোহলি।

ম্যাচ শুরুর আগে ভারতীয় সাবেক অধিনায়কের মাইলফলক পূর্ণ করতে মাত্র দুটি বাউন্ডারি প্রয়োজন ছিল কোহলির।চতুর্থ ওভারে অক্ষর প্যাটেলের ডেলিভারি উড়িয়ে সীমানা ছাড়া করতেই সেই পূর্ণতা পেয়ে যান কোহলি।এছাড়া সর্বমোট বাউন্ডারির দিক থেকে যথাক্রমে অবস্থান করছেন শেখর ধাওয়ান (৯২০), ডেভিড ওয়ার্নার (৮৯৯) ও রোহিত শর্মা (৮৮৫)।

আইপিএলে এখন পর্যন্ত সবচেয়ে বেশি চার মেরেছেন ধাওয়ান (৭৬৮)।৭২১ চার নিয়ে সেই রেকর্ড ছাড়িয়ে যাওয়ার বড় সুযোগ রয়েছে কোহলির সামনে। ধাওয়ান ইতোমধ্যে পেশাদার ক্রিকেটকে বিদায় বলে দিয়েছেন।

অন্যদিকে, ইউনিভার্স বসখ্যাত ক্রিস গেইল আগে থেকেই ছক্কার রাজা।আইপিএলেও সবচেয়ে বেশি ছক্কা মেরেছেন (৩৫৭টি)।এদিক থেকে তার পরই আছেন রোহিত শর্মা (২৮২)।তিনটি ছক্কা কম নিয়ে জাতীয় দলের এই সতীর্থকেও ধাওয়া করছেন কোহলি।

আইপিএল রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ক্রিকেট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 10:29

URL: https://timestodaybd.com/sports/601662556